সংবাদ

তারিখ 24 JUL 2016
পৃষ্ঠা ১০ কলাম ৬

# বন্যায় ৭ দিন ধরে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ

প্রতিনিধি, সুন্দরগঞ্জ (গাইবান্ধা)

সুন্দরগঞ্জে আগত বন্যা গত ৭ দিন ধরে অপরিবর্তিত রয়েছে। চরাঞ্চলের ২৫ শিক্ষা প্রতিষ্ঠানে ক্লাশ হচ্ছে না।

সুন্দরগঞ্জ

জানা গেছে, তিস্তা নদীর পানি ব্যাপক হারে বৃদ্ধি পাওয়ায় সুন্দরগঞ্জ উপজেলার নদী বিধৌত ৬টি ইউনিয়নের ২০ চর প্লাবিত হয়েছে। পানি বন্দি হয়েছে হাজার-হাজার মানুষ। পানি বন্দি হওয়ার কারণে চরাঞ্চলের প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের ২৫ শিক্ষা প্রতিষ্ঠানে অঘোষিত ক্লাস বন্ধ রয়েছে। উপজেলা শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, ১৮টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে চরাঞ্চলে। প্রতিষ্ঠানগুলোতে ও তার আশপাশসহ রাস্তাঘাট পানিতে নিমজ্জিত হওয়ায় কোন শিক্ষার্থী স্কুলে যেতে পারছে না। তবে ২/১ জন করে শিক্ষক ঝুঁকি নিয়ে প্রতিষ্ঠানে গেলেও তারা বসে থেকে সময় পার করে বাড়ি ফিরছেন। মহিষবান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজ্জামান সরকার জানান, শিক্ষকরা স্কুলে আছেন কিন্তু রাস্তাঘাটে কোমর পানি থাকায় শিক্ষার্থী উপস্থিতি কম। এছাড়া মাধ্যমিক পর্যায়ের ৬/৭ টা প্রতিষ্ঠান পানি বন্দি থাকায় প্রায় ২৫টি শিক্ষা প্রতিষ্ঠানে ক্লাস হচ্ছে না।